# হাটহাজারী উপজেলা পরিষদ

## চট্টগ্রাম জেলা।

তথ্য বাতায়ন : hathazari.chittagong.gov.bd

**ডিসেম্বর,২০১৯ মাসে অনুষ্ঠিত৫ম উপজেলা পরিষদের৮মমাসিক সভার কার্যবিবরণী:**

সভাপতি : **জনাব এস এম রাশেদুল আলম**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, হাটহাজারী।
তারিখ ও সময় : ২৭/০২/২০২০খ্রি., সকাল : ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : **পরিশিষ্ট – 'ক'** দ্রষ্টব্য।

সভাপতি জনাব এস এম রাশেদুল আলম কর্তৃক উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি মোতাবেক ২৯/০১/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় সর্বসম্মতক্রমে অনুমোদিত হয় এবং বিভাগীয় কর্মকর্তাদের পর্যায়ক্রমে আলোচনা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

| ক্রঃ নং | বিভাগীয় আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **ই-টেন্ডার কার্যক্রমবাস্তবায়ন :** ডিজিটাল বাংলাদেশ গঠন ও মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন এবং টেন্ডার প্রক্রিয়া স্বচ্ছ করার লক্ষ্যে অত্র উপজেলায় ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। অত্র উপজেলায় সকল ধরণের উন্নয়ন কাজের টেন্ডার প্রক্রিয়ায় স্বচ্ছতা আনার লক্ষ্যে ই-টেন্ডারেরমাধ্যমে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হবে। | অত্র উপজেলা ই-টেন্ডার কার্যক্রম সম্পন্ন হওয়ায় সভায় উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানানো হয়। টেন্ডার প্রক্রিয়া স্বচ্ছ করার লক্ষ্যে অত্র উপজেলায় সকল ধরণের উন্নয়ন কাজের টেন্ডার প্রক্রিয়া ইজিপি'র মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী, চট্টগ্রাম। |
| ০২ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর :**<br>উপজেলা প্রকৌশলী, হাটহাজারী সভায়জানান, অত্র উপজেলায় ৩টি টেন্ডার আহ্বান করার কথা কিন্তু e-GP টেন্ডারের পাসওয়ার্ড লক হয়ে যাওয়ায় e-GP তে টেন্ডারের কার্যক্রম গ্রহণ করা হয়নি। e-GP তে তিনটি পাসওয়ার্ড থাকে ইতিমধ্যে ১টি পাসওয়ার্ড রিকভারী করা গেছে এবং বাকী দুটি রিকভারীর চেষ্টা চলমান রয়েছে। পাসওয়ার্ড রিকভারীতে দেরী হওয়ায় এবং সময় সল্পতার কারণে ম্যানুয়েল টেন্ডার আহ্বান করার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন এবং মতামত আহ্বান করেন। এছাড়া শিকারপুর এলাকায় স্কুল ভবন স্পট নিলামের বিষয়ে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা হবে বলে জানান। তিনি বলেন শিকারপুর গৌরাঙ্গাবাড়ী স.প্রা.বি. এর ভবনের কাজ করারবিষয়ে পুকুরের কিছু অংশ পড়ে যাওয়ায় উক্ত কাজে কিছু অংশ প্যালাসাইডিং করার নিমিত্ত ১,৫০,০০০/- টাকা প্রয়োজন এবং তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।এছাড়াও তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিভাবে চলমান রয়েছে বলে জানান। | ১। সময় সল্পতার কারণেADP/রাজস্ব প্রকল্পসমূহের ম্যানুয়েল টেন্ডার আহ্বান করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত প্রকল্প সমূহ বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে নুরোধ জানানো হয়।<br>২। স্কুল ভবন স্পট নিলামের বিষয়ে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩।সভায় শিকারপুর গৌরাঙ্গাবাড়ী স.প্রা.বি. এর ভবনের কাজ করার নিমিত্ত পুকুরের অংশে প্যালাসাইডিং কাজ করার জন্য ১,৫০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রকল্পের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। উপজেলা প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম সুস্থুভাবে মনিটরিংপূর্বক অবহিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |
| ০৩ | **(ক) ডিজিটাল বাংলাদেশ গঠন ও রূপকল্প ২০২১ বাস্তবায়ন:**ডিজিটাল বাংলাদেশ গঠনের মাধ্যমে রূপকল্প ২০২১ অর্জনের লক্ষে সকল অফিস/সংস্থার সেবা প্রদান কার্যক্রম অনলাইনে শুরু করা ওয়েব পোর্টালের সকল কার্যক্রম সম্পন্নকরণ এবং অফিসের যাবতীয় কার্যক্রম ডিজিটালাইজড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**(খ) ইউনিয়ন ডিজিটাল সেন্টার :** দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষে কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে তথ্য প্রযুক্তির উন্নয়ন ও এর মাধ্যমে জনগণকে তথ্য সেবা প্রদান | (ক) সকল অফিস/সংস্থার সেবা কার্যক্রম জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষে সকল বিভাগীয় প্রধান ও ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।<br>(খ)ইউনিয়ন ডিজিটাল সেন্টারের | ১। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী।<br>২। বিভাগীয় প্রধান (সকল), |

| | | | |
|---|---|---|---|
| | করা ইউনিয়ন ডিজিটাল সেন্টার স্থাপনের মূল লক্ষ্য। প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টারের দৈনিক আয়ের হিসাব পরিচালকগণ ব্লগে ও টুলসে প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধন :** জন্ম নিবন্ধন কার্যক্রমকে আধুনিকায়ন ও সার্বজনীন জন্ম ও মৃত্যু নিবন্ধনের অনিয়ম দূরীকরণার্থে অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিষয়ক বিস্তারিত আলোচনা করা হয়।<br>**(ঘ) বিবাহ নিবন্ধন :** বিবাহ নিবন্ধনের ক্ষেত্রে অনেক সময় ভুল জন্ম সনদ দিয়ে অপ্রাপ্ত বয়স্কদের বিবাহ দেয়া হচ্ছে, যা বাল্য বিবাহের মতো গুরুতর অপরাধ। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>**(ঙ) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণ :** নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপননের সকল স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**(চ) জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধ সংক্রান্ত :** জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধে সকল মসজিদে শুক্রবার জুমার নামাযের পর বিশেষ খুৎবায় আলোচনা, ভাড়াটিয়া ও সন্দেহভাজন লোকের আনাগোনার উপর নজরদারীকরণ, সামাজিক সচেতনতা সৃষ্টি ও সকল শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**(ছ) মানব পাচার ও রোহিঙ্গাদের অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধ সংক্রান্ত :** মানব পাচার প্রতিরোধ এবং হাটহাজারীর অভ্যন্তরে কোন রোহিঙ্গা বসবাস ও অনুপ্রবেশ করতে না পারে এবং কোন রোহিঙ্গা যাতে অত্র উপজেলার কোন ইউনিয়নে ভোটার হতে না পারে সে বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দৈনিক আয়ের হিসাব পরিচালকগণ ব্লগে ও টুলসে প্রেরণ অব্যাহত রাখার বিষয়টি নিশ্চিত করতে সংশ্লিষ্টইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে একই ব্যক্তির যাতে দ্বৈত সনদ ইস্যু না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রেখে অনলাইনে জন্ম নিবন্ধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>(ঘ) বিবাহ নিবন্ধনের ক্ষেত্রে জন্ম সনদ যাচাই পূর্বক বিবাহ নিবন্ধন করার জন্য সংশ্লিষ্টবিবাহনিবন্ধনরেজিস্ট্রার/কাজীদের অনুরোধ করা হয়।<br>(ঙ) খাদ্যের উৎপাদন, আমদানি, মজুদকরণ ও সরবরাহের ক্ষেত্রে যাতে খাদ্যের গুনগত মান অটুট থাকে ও খাদ্যের নিরাপত্তা নিশ্চিত থাকে সে লক্ষে জনসচেতনতা ও প্রচারনা বৃদ্ধির অনুরোধ জানানো হয়।<br>(চ) জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধে সকল মসজিদে শুক্রবার জুমার নামাযের পর বিশেষ খোৎবা বলা, ভাড়াটিয়া ও সন্দেহভাজন লোকের আনাগোনার উপর নজরদারীকরণসহসামাজিক সচেতনতা ও প্রচারনা বৃদ্ধির অনুরোধ জানানো হয়।<br>(ছ) মানব পাচার প্রতিরোধ এবং হাটহাজারীর অভ্যন্তরে যাতে কোন রোহিঙ্গা বসবাস ও অনুপ্রবেশ করতে না পারে এবং কোন রোহিঙ্গা যাতে ভোটার হতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | হাটহাজারী।<br>৩। ইউ,পি চেয়ারম্যান (সকল), হাটহাজারী। |
| ০৪ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিদিন বহি:বিভাগসহ বিভিন্ন বিভাগের রোগীদের চিকিৎসা সেবা দিয়ে যাচ্ছেন। তিনি জানান ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য সেবার কার্যক্রম খুব শীঘ্রই শুরু হবে।এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্যউপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তা, হাটহাজারী। |
| ০5 | **উপজেলা কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি কর্মকর্তা, হাটহাজারী সভায় জানান বোরো আবাদের লক্ষ্যমাত্রা উফশী ৩৫৩৫ হে. তার বিপরীতে ২১৮০ হে. আবাদ চলমান রয়েছে। হাইব্রীড লক্ষ্যমাত্রা ৬৫ হে. তার বিপরীতে ৭০ হে. মোট ২২৫০ হেক্টর আবাদ চলমান রয়েছে। উৎপাদনের লক্ষ্যমাত্রা উফশী জাত ১৩২১১ মে.টন ও হাইব্রীড জাত ৩০৬মে.টন মোট ১৩৫১৭ মে.টন এর মধ্যে ফলন লক্ষ্যমাত্রা উফশী ৩.৭৩৭ মে.টন ও হাইব্রীড ৪.৭১২ মে.টন। এছাড়া শীতকালীন সবজি লক্ষ্যমাত্রা ৭৮০ হেক্টর এর মধ্যে অর্জিত ৮২০ হেক্টর। ধান ক্রয়ের বিষয়ে জানান ১৮/০২/২০২০ খ্রি. পর্যন্ত ধান ক্রয় হয়েছে ৩৬৯.৩২০ মে.টন। এছাড়া তিনি হাটহাজারীতে সারের কোন ঘাটতি নেই বলে জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা কৃষি বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৬ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, আগামী ১০ মার্চ দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত হবে এবং ৯ মার্চ তারিখের আগে যে কোন মাধ্যমিক বিদ্যালয়ে অগ্নিকান্ডের মহড়া আয়োজনের জন্য ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা চান। এছাড়াওবিভাগীয় | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, |

<table>
<tr><td></td><td>সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। গ্রামীন সড়কে স্ট্রীট লাইট স্থাপন ও বৃক্ষ রোপন কর্মসূচির জন্য ৫৮ কোটি টাকার প্রকল্প তালিকা প্রস্তুত করা হয়েছে। মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। এছাড়া তিনি বলেন বাড়ি ঘরে সম্প্রতি আগুন লাগার ঘটনা বাড়ছে সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। তিনি বলেন বাড়ি ঘরে নিম্নমানের ইলেকট্রিক সামগ্রী ব্যবহার না করার জন্য অনুরোধ জানান। তিনি বিদ্যুত বিভাগের সহযোগিতা চান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>মনিটরিং এবং প্রতিমাসের যাবতীয় বরাদ্দ ও কর্মকান্ডের বিবরণী সভায় অবহিতকরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td><td>হাটহাজারী।</td></tr>
<tr><td>07</td><td><u>উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা বিভাগ :</u><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা(প্রতিনিধি), হাটহাজারী জানান বিভিন্ন স্কুলে শিক্ষক শুন্য পদে সম্প্রতি নিয়োগ দেয়া হয়েছে।এছাড়াও বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।</td><td>উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td><td>১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী।<br>২। উপজেলা মা শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী।</td></tr>
<tr><td>০৮</td><td><u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান, ফতেপুর ও গুমানমর্দ্দন ইউনিয়নে পরিবার কল্যাণ কেন্দ্র পুন:নির্মাণ কাজের শুভ উদ্বোধন হয়েছে। তিনি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের ধন্যবাদ জানান। তিনি বলেন মেখলে একটি ভবন হবে খুব শীঘ্রই। চিকনদন্ডী ইউনিয়নে একটি ভবন হবে কিন্তু এই কেন্দ্রে জায়গা নিয়ে কিছু সমস্যা আছে যা সমাধান হওয়ার পর দ্রুত বাস্তবায়িত হবে। ধলই ইউপিতেও একটি ভবন হবে সকলের সহযোগিতা কামনা করেন।। তিনি সকল প্রকার প্রতিবন্ধকতার বিষয়ে সহযোগিতা কামনা করেন। তিনি বলেন ক্রমন্বয়ে আরো কেন্দ্রের পুন:নির্মাণ কাজ শুরু হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাটহাজারী।</td></tr>
<tr><td>০৯</td><td><u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান, ইউনিয়ন পর্যায়ে মাতৃত্বকাল ভাতা কর্মসূচির ২০১৯-২০ অর্থবছরের ১৪টি ইউনিয়নের ১১৭৬ জন ভাতাভোগীর তালিকা অনুমোদনসহ ডাটা এন্ট্রি এবং একাউন্ট সম্পন্ন হয়েছে। পৌরসভায় ২০১৯-২০ অর্থবছরের কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির ২৫ জনের ভাতাভোগীর তালিকা অনুমোদনসহ ডাটা এন্ট্রি এবং একাউন্ট সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে ভিজিডি ২০১৯-২০ চক্রের ষান্মাসিক সভা ১৭/০২/২০২০ খ্রি. তারিখে করা হয়েছে। উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্পের আওতায় দুটি ট্রেডে প্রশিক্ষণ হয়। একটি বিউটিফিকেশন অপরটি টেইলারিং। বিউটিফিকেশন ট্রেডের ট্রেইনার ডিপার্টমেন্টের অনুমতি ব্যতীত বিদেশ যাওয়ায় মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা সদর কার্যালয় থেকে ট্রেডার্স বন্ধ রাখার নির্দেশনা দিয়েছেন এবং ০৯/০২/২০২০ খ্রি. থেকে অত্র দপ্তরের বিউটিফিকেশন ট্রেড বন্ধ রাখা হয়েছে। এছাড়া। এছাড়া মহিলা বিষয়ক বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্যউপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাটহাজারী।</td></tr>
<tr><td>১০</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :</u>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী জানান, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন ৪টি কর্মসূচির/প্রকল্পের ৭৬টি সমিতি/দলের ২০৫৫ জন সদস্যের দারিদ্র বিমোচনের লক্ষে ২০১৯-২০ অর্থ বছরের ঋণ বিতরণ ও আদায়ের লক্ষমাত্রা ও অগ্রগতি নিম্নরূপ :
<table>
<tr><th>বিবরণ</th><th>লক্ষমাত্রা ২০১৯-২০ অর্থ বছর</th><th>সদস্য সংখ্যা</th><th>অগ্রগতি জানু/২০২০ পর্যন্ত</th><th>হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>ঋণ বিতরণ</td><td>১২০.০০</td><td rowspan="3">৩৪২ জন</td><td>২৮.৭৭</td><td>২৪%</td><td rowspan="3">৯৪জন</td></tr>
<tr><td>ঋণ আদায়</td><td>১০৭.০০</td><td>৩৩.৪৯</td><td>৩১%</td></tr>
<tr><td>পুঁজিগঠন</td><td>৪.৪৫</td><td>২.৬৭</td><td>৬০%</td></tr>
</table>
এছাড়া ৩০/০৬/২০১৯ খ্রি. ঋণ তহবিল প্রাপ্ত ৯৬.০০ লক্ষ টাকা যা বর্তমানে প্রবৃদ্ধিসহ ১.২০.০০ লক্ষ টাকায় উন্নীত হয়েছে। চলতি অর্থ বছরে কোন তহবিল পাওয়া যায়নি। নতুন অপ্রধান শস্য উৎপাদন সংরক্ষণ ও বাজারজাতকরণ প্রকল্পের গঠিত দলের সংখ্যা ০৮টি। সদস্য ভূক্তি ১৬০ জন। আদায়কৃত সঞ্চয় ০.১০ টাকা এবং সুফলভোগীদের মধ্যে ৫৪ জন সদস্যদের মধ্যে বিনামূল্যে বীজ বিতর করা হয়েছে। এছাড়া সাংগঠনিক পুঁজি গঠন ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিংসহ ঋণ বিতরণের বিস্তারিত প্রতিবেদন আগামী সভায় অবহিতকরণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী।</td></tr>
<tr><td>১১</td><td><u>২নং ধলই ইউপি :</u><br>চেয়ারম্যান, ২নং ধলই ইউপি সভায় জানান জনপ্রতিনিধিরা সরাসরি জনগণের সাথে সম্পৃক্ত তাই স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে কাজ করার জন্য সকল বিভাগকে অনুরোধ জানান। এছাড়া তিনি সকল বরাদ্দ সঠিকভাবে বিভাজন করার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। গত বন্যায় বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট ব্যাপক ক্ষতি সাধিত হয়েছিল। এরাস্তাগুলোর বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলীকে প্রতিটি ইউনিয়ন পরিদর্শন করে জনগুরুত্বপূর্ণ সড়ক সমূহের কাজ করার জন্য অনুরোধ জানান। এডিপি/রাজস্ব তহবিলের বরাদ্দকৃত প্রকল্পসমূহের দ্রুত টেন্ডার প্রক্রিয়া বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানান।</td><td>উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১২ | **৪নং গুমানমর্দ্দন ইউপি :**<br>চেয়ারম্যান, ৪নং গুমানমর্দ্দন ইউপি সভায় জানান কিছুদিন আগে গুমানমর্দ্দন ইউনিয়নে ৫টি বসত ঘর পুড়ে গেছে কিন্তু এখনো কোন প্রকার সরকারি সহযোগিতা পাইনি। তিনি এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। ডিসি সড়কের কাজ শুরু হওয়ায় উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানান। তিনি বর্ষার আগে কাজ শেষ করার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া পরিবার পরিকল্পনা কেন্দ্রের নির্মাণ কাজ শুরু হওয়ায় উপজেলা প:প: কর্মকর্তাকে ধন্যবাদ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |
| ১৩ | **৮নং মেখল ইউপি :**<br>চেয়ারম্যান, ৮নং মেখল ইউপি সভায় জানান, **রমেশ মহাজন সড়কের** বেহাল দশা আগে অনেকবার বলার পরেও কাজ হয়নি। বর্তমান উপজেলা প্রকৌশলীকে পরিদর্শন করে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। পুন্ডরীক ধাম সড়কের অবস্থা নাজুক হয়ে পড়েছে। এ সড়ক দিয়ে পুন্ডরীক ধাম মন্দিরে দেশি বিদেশী দর্শনার্থী আসে এবং প্রচুর গাড়ী আসে তিনি এই গুরুত্বপূর্ণ সড়কটির উন্নয়নে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান।<br>এছাড়া **মেখল-ফতেপুর সংযোগ সড়কের** কিছু অংশ মেরামত/সংস্কার প্রয়োজন। এই সড়ক দিয়ে দুই ইউনিয়নের অনেক লোক আসা যাওয়া করে। জনগণের দূর্ভোগ লাগবে ব্যবস্থা নেয়া উচিত বলে জানান। | বর্ণিতসড়কসমূহ পরিদর্শন করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর আর্কষণ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| 1৪ | **৯নং গড়দুয়ারা ইউপি :**<br>চেয়ারম্যান, ৯নং গড়দুয়ারা ইউপি সভায় ভাষা শহীদদের স্মরণ করেন এবং তিনি ADP/রাজস্ব হতে বরাদ্দকৃত প্রকল্পসমূহ ম্যানুয়েল/e-GPটেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে বর্ষার আগে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি বলেন আমাদের কাজ বাস্তবায়ন প্রয়োজন সেটা অনলাইন হোক বা অফলাইন হোক। এছাড়া সামনে মুজিববর্ষের অনুষ্ঠানের কর্মপরিকল্পনা গ্রহণ করার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৫ | **১০নং উত্তর মাদার্শা ইউপি:**চেয়ারম্যান, ১০নং উত্তর মাদার্শা ইউপি সভায় তিনি সভার নির্দিষ্ট তারিখ নির্ধারণের বিষয় সভায় প্রস্তাব করেন। এছাড়া তিনি জানান ADPবরাদ্দের জুন মাসের মধ্যে বিল উপস্থাপন করতে হয়। জুনের পরে বরাদ্দের টাকা ল্যাপ্‌স হয়ে যায়। এবিষয়ে তিনি ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। তিনি বলেন টেন্ডার প্রক্রিয়া ম্যানুয়েল/e-GP যে কোন প্রক্রিয়া সম্পন্ন করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার অনুরোধ জানান। তিনি বলেন চেয়ারম্যানদের সময় শেষ পর্যায়ে অসমাপ্ত কাজসমূহ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। সভার সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি জানান মুজিব বর্ষের কর্মসূচি পালনের জন্য ইউনিয়ন পর্যায়ে পত্র পাওয়া গিয়েছে এবং বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ১২ মাসে ১২টি কার্যক্রম যেমন- বৃক্ষ রোপন, বিদ্যুৎ সংযোগ প্রদান, পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ইত্যাদি কর্মসূচিতে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে পালন করা হবে বলে জনান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | ১। সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৬ | **১১নং ফতেপুর ইউপি:**চেয়ারম্যান, ১১নং ফতেপুর ইউপি সভায় শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করে বলেন ATOদের ইউনিয়ন ভিত্তিক দায়িত্ব প্রদান করা হয়। তিনি তার ইউনিয়নের একটি প্রাথমিক বিদ্যালয়ের অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার প্রধান অতিথি এবং ATO বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কিন্তু ইউপি চেয়ারম্যান এই অনুষ্ঠান সম্পর্কে কিছু জানেন না। তিনি বলেন উপজেলা থেকে চেয়ারম্যান, ইউএনও গেলে প্রটোকলের একটি বিষয় থাকে। তিনি এই বিষয়ে জানতে চান। তিনি কোন ইউপিতে কাজ করতে হলে কর্মকর্তাদের ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| 1৭ | **মহিলা ভাইস চেয়ারম্যান :**<br>মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান গত ২৩/০২/২০২০ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রোগ্রামে অংশগ্রহণ করেন। হাটহাজারী উপজেলাকে পাইলট প্রকল্প হিসেবে নেয়া হয়েছে। তিনি বলেন স্ট্যান্ডিং কমিটির কার্যক্রম চালু না থাকায় ২ কোটি টাকার প্রকল্প হতে বঞ্চিত হতে হচ্ছে। সকলকে সমন্বয় করে কাজ করার অনুরোধ জানান। এছাড়া তিনি নারীদের উন্নয়নে ৮লক্ষ টাকার প্রকল্প নেয়া হয়েছে। এছাড়া তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করে বলেন সরকারি বিভিন্ন কাজে ও বিভিন্ন প্রকল্প ও এলাকা পরিদর্শন জন্য ২১,৯১৫/- টাকার দৈনিক ভাতার বিল দাখিল করেছেন। জনস্বার্থে এ ভ্রমণ করা হয়েছে বলে জানান এবং উক্ত বিল পরিশোধের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| 1৮ | **ভাইস চেয়ারম্যান :**<br>ভাইস চেয়ারম্যান, সভায় সকল বিভাগীয় প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে বলেন জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করার অনুরোধ জানান এবং কৃষি বিভাগের দৃষ্টি আকর্ষণ করে বলেন অনেকে জায়গা না থাকা সত্ত্বেও কৃষকের তালিকায় অন্তর্ভুক্ত কিন্তু প্রকৃত কৃষক তালিকা হতে বাদ পড়েছেন। তিনি এবিষয়ে যাচাই বাছাই করে ব্যবস্থা গ্রহণ করার জন্য আনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | **চেয়ারম্যান :**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী সভায় জানান, আগামী মাস হতে উপজেলা পরিষদের মাসিক সভা প্রতি মাসের একটি নির্দিষ্ট দিনে অনুষ্ঠিত হবে। নির্ধারিত তারিখে সভা অনুষ্ঠিত হলে বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দের কর্মপরিকল্পনা প্রণয়নে সুবিধা হয়। এইসব বিষয় চিন্তা করে এখন থেকে উপজেলা পরিষদের মাসিক সভা মাসের নির্দিষ্ট তারিখে করার স্বপক্ষে মত ব্যক্ত করেন।<br>তিনি জানান মুজিববর্ষের অনুষ্ঠান উপজেলা পর্যায়ে বৃহৎ পরিসরে অনুষ্ঠিত হবে। মার্চ মাস জুড়ে অনেক জাতীয় দিবস রয়েছে। সকল দপ্তরের কর্মকর্তাদের সমন্বয় করে সকল জাতীয় দিবস পালন করার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি জানান, উপজেলায় বিভিন্ন দপ্তরের যে সকল কর্মসূচি অনুষ্ঠিত হয় সে সকল কর্মসূচিতে জনপ্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করতে উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের অনুরোধ জানান। তিনি শিক্ষা কার্যক্রম জোড়দার করার জন্য শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আর্কষন করে বলেন, প্রাথমিক বিদ্যালয়ে দিন দিন শিক্ষার্থীর সংখ্যা কমে যাচ্ছে। আগামী সভার আগে বসে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ জানান অন্যথায় উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর বিষয়টি অবহিত করা হবে। এছাড়া তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বলেন এবছর কোন কোন রাস্তার কাজ করা হবে সেগুলোর তালিকা প্রস্তুত করে কাজ শুরু করার অনুরোধ জানান। তিনি উপজেলা প্রকৌশলীকে সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণে অনুরোধ করেন। এছাড়া তিনি বলেন সময় স্বল্পতার কারণে এবং পাসওয়ার্ড রিকভারীতে ধীরগতির কারণে সামনের দুটি টেন্ডার ম্যানুয়ালি করার বিষয়ে যে মতামত উঠেছে তার প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। পাসওয়ার্ড রিকভারী হলে পুনরায় e-GP এর মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া চালু হবে বলে জানান।<br>এছাড়া তিনি জানান, উপজেলা পরিষদের মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব মোক্তার বেগম এর জুন,২০১৯ খ্রি. হতে সেপ্টেম্বর,২০১৯ খ্রি. পর্যন্ত ০৪(চার) মাসের দৈনিক ভাতা বাবদ ২১,৯১৫/- (একুশ হাজার নয়শত পনের) টাকা বিল দাখিল করেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা কর্তৃক ১০ নভেম্বর,২০১৪ খ্রি: তারিখে উপজেলা পরিষদে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত ভাতা পরিশোধের নির্দেশনা রয়েছে। উপজেলা পরিষদ মহিলা ভাইস-চেয়ারম্যান এর দাবীকৃত দৈনিক ভাতা বিল উপজেলা রাজস্ব তহবিলহতে পরিশোধের জন্য অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>তিনি আরো জানান, সম্প্রতি ৮নং মেখল ইউনিয়নে ১০ টি পরিবার আকস্মিক অগ্নিকান্ডে চরম ক্ষতিগ্রস্থ হয়েছে।ক্ষতিগ্রস্থ ১০টি পরিবারকে প্রত্যেককে ৫০০০/- টাকা করে অনুদান প্রদানের বিষয়ে সভার দৃষ্টি আর্কষণ করেন। | ১। সভায় সর্বসম্মতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখার স্মারক নং-০৪.০০.০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫. ৭৩২,তাং-০৮/০৮/২০১৬ খ্রি. মূলে জারীকৃত পরিপত্র অনুসারে উপজেলা পরিষদের মাসিক সভা প্রতি মাসের ২য় বৃহস্পতিবার অনুষ্ঠানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সময় স্বল্পতা ও e-GP এর পাসওয়ার্ড রিকভারীতে ধীরগতির কারণে দুটি টেন্ডার ম্যানুয়াল পদ্ধতিতে করার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।<br>৩। উপজেলা পরিষদ মহিলা ভাইস-চেয়ারম্যান এর দাবীকৃত দৈনিক ভাতা বিল উপজেলা রাজস্ব তহবিলহতে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>৪। সভায় মেখল ইউনিয়নে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ১০টি পরিবারের প্রত্যেককে ৫০০০/- টাকা হারে অনুদান প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী।<br>২। উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |

সভাপতি সকল বিভাগের উন্নয়ন কর্মকান্ড যথাসময়ে সম্পন্ন করার এবং অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে পুনঃরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
**(এস এম রাশেদুল আলম)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হাটহাজারী, চট্টগ্রাম।
ফোন : ০৩১-২৬০১৮০০
ই-মেইল : uzc.hathazari.ctgbd@gmail.com

স্মারক নং : ০০.৫০৮.০০৬.০০.০৮.০০১.২০২০.237 তারিখ : 27/02/২০২০খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :**

১। ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি, ২৮২ চট্টগ্রাম-৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
৬। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৭। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৮। উপজেলা ________________ কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম।
৯। চেয়ারম্যান, ________________ ইউনিয়ন পরিষদ (সকল), হাটহাজারী, চট্টগ্রাম।
১০। সংরক্ষণ নথি।

## পরিশিষ্ট –'ক'

২7/০2/২০২০খ্রি. তারিখ অনুষ্ঠিত ডিসেম্বর মাসের উপজেলা পরিষদের সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জনপ্রতিনিধি/কর্মকর্তাবৃন্দ/অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ) :

### উপস্থিতির তালিকা :

| ক্রঃ নং | উপস্থিত ভাইস-চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী। |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী। |

| ক্রঃ নং | উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| | চেয়ারম্যান(প্রতিনিধি), ১নং ফরহাদাবাদ ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০১. | চেয়ারম্যান, ২নং ধলই ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০২. | চেয়ারম্যান, ৪নং গুমানমর্দ্দন ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৩. | চেয়ারম্যান(প্রতিনিধি), 5নং নাঙ্গালমোড়া ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৪. | চেয়ারম্যান, ৬নং ছিপাতলী ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৫. | চেয়ারম্যান, 8নং মেখল ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৬. | চেয়ারম্যান, ৯নং গড়দুয়ারা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৭. | চেয়ারম্যান, ১০নং উত্তর মার্দাশা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৮. | চেয়ারম্যান, ১১নং ফতেপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৯. | চেয়ারম্যান, ১২নং চিকনদন্ডী ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১০. | চেয়ারম্যান(প্রতিনিধি), ১৩নং দক্ষিণ মাদার্শা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১১. | চেয়ারম্যান, ১৫নং বুড়িশ্চর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তাবৃন্দ : |
|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাটহাজারী। |
| ০২. | উপজেলা কৃষি কর্মকর্তা(প্রতিনিধি), হাটহাজারী। |
| ০৩. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৫. | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |
| ০৬. | উপজেলা শিক্ষা কর্মকর্তা(প্রতিনিধি), হাটহাজারী। |
| ০৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা(প্রতিনিধি), হাটহাজারী। |
| ০৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ১০. | উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাটহাজারী। |
| ১২. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৩. | রেঞ্জ কর্মকর্তা, হাটহাজারী রেঞ্জ। |
| ১৪. | উপ-বিভাগীয় প্রকৌশলী, হাটহাজারী পওর উপ-বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, হাটহাজারী |
| ১৫. | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম যান্ত্রিক পওর শাখা-১/২, পাউবো, চট্টগ্রাম। |
| ১৬. | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-৩, হাটহাজারী। |

| ক্র:নং | উপস্থিত উপজেলা পরিষদ সংরক্ষিতমহিলা সদস্য |
|---|---|
| ০১. | জনাব ইশরাত সাহেরা, সংরক্ষিত মহিলা সদস্য |
| ০২. | জনাব ছেনোয়ারা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য |

### অনুপস্থিতির তালিকা :

| ক্রঃ নং | অনুপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১. | চেয়ারম্যান, ৩নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| 02. | চেয়ারম্যান, ১৪নং শিকারপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |

| ক্র:নং | অনুপস্থিত উপজেলা পরিষদ সদস্য |
|---|---|
| ০১. | কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, হাটহাজারী উপজেলা। |
| ০২. | সচিব, হাটহাজারী পৌরসভা। |

| ক্র:নং | অনুপস্থিত উপজেলা পরিষদ সংরক্ষিতমহিলা সদস্য |
|---|---|
| ০১. | জনাব ফাতেমা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য |

| ক্রঃ নং | অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ : |
|---|---|
| ০১. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম। |
| ০২. | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৩. | সহকারী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হাটহাজারী। |
| ০৪. | উপ-বিভাগীয় প্রকৌশলী, মদুনাঘাট পওর উপ-বিভাগ, পানি উন্নয়ন বোর্ড,হাটহাজারী। |
| ০৫. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৬. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ০৭. | সিনিয়র ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, হাটহাজারী। |
| ০৮. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৯. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, হাটহাজারী। |
| ১০. | উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, হাটহাজারী। |
| ১১. | উর্দ্ধতন উপ-সহকারী প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, হাটহাজারী। |
| ১২. | পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা (পজীপ), হাটহাজারী। |